

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৯.৫০১. ১৭.০১৫.২০.১৫৯

তারিখ: ৩০/০৮/২০২১ খ্রি:

সভার নোটিশ


প্রাপক:

জনাব
ঈশ্বরদী, পাবনা

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভা আহ্বান

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২২ অর্থবছরে এপিএ চুক্তির আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের সভা আগামী ১৬/০৯/২০২১ খ্রি. রোজ বৃহঃবার বেলা ০৩:৩০ ঘটিকায় সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ঈশ্বরদী, পাবনা।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।



(শাকিলা জাহান)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা

সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ঈশ্বরদী, পাবনা এর সেপ্টেম্বর/২১ খ্রিঃ মাসের (১ম ত্রৈমাসিক) অংশীজনের সভার
কার্যবিবরণী

স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস কক্ষ, ঈশ্বরদী, পাবনা

তারিখ: ১৬/০৯/২০২১ খ্রিঃ

সভাপতি: জনাব শাকিলা জাহান
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ঈশ্বরদী, পাবনা

সময়: ০৩:৩০ ঘটিকা

সভায় উপস্থিতি স্বাক্ষর (পরিশিষ্ট-ক)


সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুসারে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়-০১: মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন

আলোচনা: সভায় সদস্য সচিব জানান যে, মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নদীতে ও হাটে-বাজারে বহরব্যাপী মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করা হয়। জাতীয় সম্পদ ইলিশ উৎপাদন ধারা অব্যাহত রাখতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প অনুমোদন করা হয়েছে। সংশ্লিষ্ট প্রকল্পের আওতায় ইলিশ সংরক্ষণার্থে জাটকা ও মা ইলিশ রক্ষায় মোবাইল কোর্ট ও অভিযানসহ সারাবছর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এছাড়াও আগামী অক্টোবর মাসে সরকার নির্ধারিত ইলিশের প্রজনন মৌসুমে ২২ দিনব্যাপী ইলিশ আহরণ, ক্রয়-বিক্রয়, পরিবহণ ও মজুদকরণ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। উক্ত আইন অমান্যকারীকে ১ থেকে ২ বছরের সশ্রম কারাদন্ড অথবা সর্বোচ্চ ৫০০০/= (পাঁচ হাজার) টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডিত করার বিধান রয়েছে। এছাড়াও পিরানহা, আফ্রিকান মাগুর চাষে আইনত নিষেধাজ্ঞা এবং পরিবেশে এর বিরূপ প্রভাব সম্পর্কে সভায় আলোকপাত করা হয়। সভায় মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে সকলে সহযোগিতা করবেন মর্মে জানান।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে নদী ও হাটে-বাজারে প্রচার-প্রচারণাসহ সচেতনতা সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সকলের সম্মিলিত প্রচেষ্টায় ও অংশগ্রহণে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যসমাপ্তি ঘোষণা করেন।



(শাকিলা জাহান)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
ঈশ্বরদী, পাবনা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং: ৩৩.০২.৭৬৩৯.৫০১. ১৭.০২৫.২০.১৬৬

তারিখ: ১৬/০৯/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২. জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা
০৩. দপ্তর নথি



সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা